গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০৫ এর কার্যালয়
নওগাঁ

স্মারক নং-৩৪৭৮/২৫

তারিখ ঃ ১৪ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাণীনগর থানার মামলা নং-১৮, তারিখঃ-২৭-০৪-২০২৫ খ্রি. তারিখ এবং জি.আর ৫৭/২০২৫ (রাণী) নং মামলায় জব্দকৃত খাদ্য বান্ধব কর্মসূচীর বিতরণযোগ্য চাল ২৯,৩১০ (উনত্রিশ হাজার তিনশত দশ) কেজি চাল আগামি ০৫-১১-২০২৫ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় রাণীনগর থানা পুলিশ স্টেশন চত্বরে নিলাম বিক্রয়ে অংশগ্রহণকারী আগ্রহী ক্রেতাগণের উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী সকল ক্রেতাদের নিলাম কার্যক্রমে অংশগ্রহণের জন্য (ক্রয়ের উদ্দেশ্যে) উপস্থিত থাকার জন্য বলা হলো।

উল্লেখ্য, আগ্রহী ক্রেতাদের অবশ্যই উল্লিখিত তারিখ বেলা ১২.০০ ঘটিকা হতে দুপুর ৩.০০ ঘটিকার মধ্যে রাণীনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত অফিসারের নিকট জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমাদান সাপেক্ষে নাম নিবন্ধনপূর্বক নিলাম কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। নিলামের বিষয় প্রচারের জন্য উপজেলা তথ্য কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ কে নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | নিলামকৃত পণ্য | পরিমাণ |
|---|---|---|
| ১. | খাদ্য বান্ধব কর্মসূচীর বিতরণযোগ্য চাল | ২৯,৩১০ কেজি |

শর্তাবলীঃ

১। জামানতের টাকা ফেরতযোগ্য।
২। সর্বোচ্চ দরদাতা ক্রেতা হিসেবে সাব্যস্ত হবেন। সর্বোচ্চ দরদাতা অপরাগতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার অপরাগতায় তৃতীয় সর্বোচ্চ দরদাতা ক্রেতা হিসেবে সাব্যস্ত হবেন। এইক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা না থাকলে সর্বোচ্চ দরদাতা বা ক্ষেত্র বিশেষে তৃতীয় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হবে।
৩। জামনাতের টাকা জমাদানের সময় জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
৪। নিলাম কমিটি যেকোন সময় যেকোন পরিস্থিতিতে নিলাম কার্যক্রম স্থগিতসহ যেকোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
**মাননীয় জেলা ও দায়রা জজ, নওগাঁ।**

**বিজ্ঞপ্তির পত্র প্রেরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
১। মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
২। অফিসার ইনচার্জ (ও.সি), রাণীনগর থানা, নওগাঁ।
৩। জেলা তথ্য কর্মকর্তা, নওগাঁ।
৫। উপজেলা তথ্য কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।

(মোঃ ফয়সাল আহমেদ)
সভাপতি, নিলাম কমিটি
ও
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০৫ এর কার্যালয়
নওগাঁ।

স্মারক নং-৩৪৭৯/২৫ তারিখঃ-৩০-১০-২০২৫ খ্রি.

প্রাপক ঃ উপজেলা খাদ্য অফিসার (ওসি ফুড)
রাণীনগর থানা, নওগাঁ।

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, রাণীনগর থানার মামলা নং-১৮, তারিখঃ-২৭-০৪-২০২৫ খ্রি. তারিখ এবং জি.আর ৫৭/২০২৫ (রাণী) নং মামলায় জব্দকৃত খাদ্য বান্ধব কর্মসূচীর বিতরণযোগ্য চাল ২৯,৩১০ (উনত্রিশ হাজার তিনশত দশ) কেজি চাল আগামি ০৫-১১-২০২৫ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় রাণীনগর থানা পুলিশ স্টেশন চত্বরে নিলাম বিক্রয়ে অংশগ্রহণকারী আগ্রহী ক্রেতাগণের উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে উক্ত নিলাম কার্যক্রমে আপনাকে উপস্থিত থাকতে বলা হলো। উক্ত চাল গুলোর বর্তমানে গুণগত মান এবং কী অবস্থায় রয়েছে তৎ বিষয়ে সত্বর প্রতিবেদন দাখিল করতে আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

অনুলিপি অবগতি ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

০১। জেলা খাদ্য অফিসার, নওগাঁ।

০২। অফিস কপি

(মোঃ ফয়সাল আহমেদ)
সভাপতি
নিলাম কমিটি
ও
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
নওগাঁ।